দৈনিক সংবাদ

তারিখ ........ পৃষ্ঠা ........ কলাম ........

# ভর্তি তথ্য

গাইড

## রাশিয়ায় চিকিৎসা বিজ্ঞানে উচ্চ শিক্ষা

সুপ্রিয় কুমার চক্রবর্তী

উচ্চ শিক্ষার জন্য আমাদের দেশের ছাত্র-ছাত্রীদের প্রথম পছন্দের দেশগুলো হচ্ছে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, অস্ট্রিয়া, ডেনমার্ক, অস্ট্রেলিয়া, কানাডা ও সুইডেনের মতো অর্থনৈতিক সমৃদ্ধশালী রাষ্ট্রগুলো। এসব দেশে লেখাপড়ার পাশাপাশি চাকরিরও পর্যাপ্ত ব্যবস্থা আছে বলে সবাই এখানে পড়ার জন্য বেশি আগ্রহবোধ করে। তবে যারা এইচএসসি পাস করে ঐসকল দেশে ভিসা নিয়ে পড়তে গেছে, তাদের কজন উচ্চশিক্ষা শেষ করে দেশে ফিরে এসেছে, তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষই ভাল বলতে পারবেন। পিএইচডি করতে যারা গেছেন, তাদের কথা ভিন্ন। এই সকল দেশে অন্যান্য বিষয়ের টিউশন ফি যেমনই হোক না কেন, মেডিসিন বিষয়ে উচ্চ শিক্ষার টিউশন ফি ব্যয়ভার খুবই ব্যয়বহুল। আমাদের দেশের কজন অভিভাবকের সামর্থ আছে বছরে পনের হাজার ডলারের মতো টিউশন ফি পরিশোধ করা।

সেক্ষেত্রে প্রযুক্তি ও বিজ্ঞানের দেশ রাশিয়া হতে পারে প্রথম পছন্দ। কারণ আজ রাশিয়ার অনেক বিশ্বখ্যাত বিশ্ববিদ্যালয়ে ইংরেজি মিডিয়ামে চিকিৎসা বিজ্ঞান পড়া সম্ভব। যা আজ থেকে তিন বছর আগেও স্বপ্ন ছিল। শুধু তাই নয়, ঐ সকল বিশ্ববিদ্যালয়ের সাথে ইউরোপ ও আমেরিকার সব নামকরা বিশ্ববিদ্যালয়গুলোর ক্রেডিট-ট্রান্সফার সুবিধা রয়েছে বলে যেকোন ছাত্র/ছাত্রী চার/ছয় সেমিস্টার শেষ করেই বাকি সেমিস্টার পূরণের জন্য এসব দেশে খুব সহজেই যেতে পারছেন। এটা অবশ্যই সোনালি সুযোগের ব্যাপার।

বর্তমানে রাশিয়ায় ইংরেজি মিডিয়ামে যে সকল বিশ্ববিদ্যালয়/একাডেমিতে মেডিসিন পড়া সম্ভব সেগুলো হচ্ছে Volgograd State Medical Academy, I. M. Sechenov Medical Academy, Russian State Medical University তন্মধ্যে Volgograd Medical Academy-র বাৎসরিক টিউশন ফি মাত্র ২৫০০ ডলার। বাকী দুটোর Tuition Fee গড়ে সাড়ে তিন হাজার ডলার। আর রুশ মিডিয়ামে স্বল্প টিউশন ফিতে পড়ার জন্য ভাল University গুলো হচ্ছে People's Friendship University, Lomonosov Moscow State University, Novgorod State University, Saint-Petersburg State University ইত্যাদি। এই সকল বিশ্ববিদ্যালয়ে টিউশন ফি সাধারণত ১৫০০ ডলার থেকে ২০০ ডলার পর্যন্ত নির্ভর করে।

রুশ বা ইংরেজি যে মাধ্যমেই মেডিসিন পড়া হোক না কেন, প্রযুক্তি কিংবা সিলেবাস কিন্তু একই রকম। কারণ, হাতে ক্ষত হলে অপারেশন হাতেই করতে হবে, পায়ে নয় নিশ্চয়ই। এক্ষেত্রে অনেকে ভাষাটাকে গুরুত্ব দেন। রুশ ভাষায় ৬ বছর আর ইংরেজিতে ৫ বছর। ইন্টার্নিশিপ ১ বছর বাধ্যতামূলক। দেশে ফিরে এসে পুনরায় ইন্টার্নিশিপ করে বিএমডিসির অনুমোদন নিয়ে আপনি স্বাধীন পেশায় যেতে পারেন অথবা যেকোন চাকরি প্রতিষ্ঠানে।

মেডিসিনের যেকোন শাখায় পড়ার সুযোগ রয়েছে রাশিয়ায়। প্রথম বছর থেকে বিদেশী ছাত্রদের জন্য রয়েছে ব্যবহারিক ক্লাসের চমৎকার সুযোগ সুবিধা। বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য রয়েছে সুসজ্জিত হোস্টেল ও কঠোর নিরাপত্তা ব্যবস্থা। আরো রয়েছে নিজ নিজ দেশের কালচারাল প্রোগ্রাম আয়োজনের বিশাল হলরুম, সুইমিংপুল, খেলাধূলার জন্য রয়েছে পর্যাপ্ত মাঠ, পিকনিক ও ইউরোপে প্যাকেজ ভ্রমণের সুবিশাল আয়োজন।

রাশিয়ায় ১৯৭২ সাল থেকেই বাংলাদেশী ছাত্র-ছাত্রীদের একটা বিশাল কমিউনিটি গড়ে উঠেছে যা নিউইয়র্ক ও লন্ডনে খ্যাত বাঙালি পাড়ার মতো। অনেকে চাকরি নিয়ে ও ব্যবসার সুবাদে মস্কোতেই স্থায়ী আসন করে নিয়েছেন। এছাড়া মস্কোতে অধ্যয়ন শেষে প্রায় তিনশ চিকিৎসক বাংলাদেশের সর্বত্র তাদের পেশায় নিয়োজিত আছেন। রাশিয়ার এই সকল উল্লিখিত মেডিক্যাল বিশ্ববিদ্যালয়গুলো বিশ্বের বিশ্ববিদ্যালয়ে রেটিং-এ প্রথম থেকে দশের তালিকায় অবস্থান করছে। অথএব, যারা সত্যিকার অর্থে উচ্চশিক্ষার জন্য বিশেষ করে চিকিৎসা বিজ্ঞানে পড়তে ইচ্ছুক, তারা রাশিয়াকে বেছে নিতে পারে।

রাশিয়ায় শিক্ষা ও সনদের মূল্যায়নের ব্যাপারে বাংলাদেশের তথাকথিত অপপ্রচারে বিভ্রান্ত না হয়ে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য রাশিয়া হতে পারে নিশ্চিত ভবিষ্যৎ পথ নির্দেশক। বিস্তারিত তথ্যের জন্য আপনি সরাসরি-বাংলাদেশস্থ রুশ ফেডারেশন দূতাবাসের সাংস্কৃতিক বিভাগের শিক্ষা শাখায় (বাড়ি নং-৫১০, রোড নং-৭, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫, ফোন ঃ ৯১১৮৫৩১, ৯১১৬৩১৪) যোগাযোগ করতে পারেন অথবা যারা ইন্টারনেট ব্রাউস করতে পারেন তারা russia.com-এ ঢুকে সব রকম তথ্য সংগ্রহ করতে পারেন